

ভর্তি

চুয়েট-কুয়েট-রুয়েটে ভর্তি কার্যক্রম শুরু, প্রথম দফায় উপস্থিতি ৬৭ শতাংশ

প্রতিনিধি চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ও রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এ ২০২২-২৩ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

গতকাল রোববার ভর্তি কার্যক্রম চুয়েট, কুয়েট এবং রুয়েট ক্যাম্পাসে একযোগে শুরু হয়।

প্রথম দিনে মেধাক্রম অনুসারে নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা ভর্তির জন্য নিরীক্ষা কমিটির কাছে উপস্থিত হয়ে সনদপত্র যাচাইপূর্বক জমা দিয়েছেন।

তিন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি কমিটির সভাপতি মো. রোকনুজ্জামান প্রথম আলোকে বলেন, আমার কাছে এখন পর্যন্ত পাওয়া তথ্যমতে রোববার চুয়েট কেন্দ্রে উপস্থিত ছিলো ৬৪৭ জন, রুয়েট কেন্দ্রে উপস্থিত ছিলো ৮১৯ জন ও কুয়েট কেন্দ্রে ৬৯৬ জন শিক্ষার্থী।

আজ সোমবার উপস্থিত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় ও বিভাগ বরাদ্দ তালিকা প্রকাশ করা হবে। প্রাপ্ত বিভাগ ও বিশ্ববিদ্যালয় দেখে ভর্তির জন্য নির্ধারিত ১৮ হাজার ৫০০ টাকা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্দেশিত ব্যাংকে বিকেল ৩টার মধ্যে জমা দিতে হবে। তবে কোনো প্রার্থী স্বাস্থ্য পরীক্ষার পর একই দিনে (রোববার) ভর্তি ফি কর্তৃপক্ষের অনুমতিক্রমে জমা দেওয়ার সুযোগ ছিলো। টাকা জমা দেয়ার পর পরবর্তীতে আবার বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের নাম তালিকা প্রকাশ করা হবে। কেউ ভর্তি বাতিল মাইগ্রেশন প্রক্রিয়া চলমান থাকবে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ব © ২০২৩ প্রথম আলো